
GEORGE R.R. MARTIN
A GAME OF THRONES
অনুবাদঃ শোভন
ALSO A NEW ORIGINAL SERIES FROM HBO
DYNAMITE
4

# A GAME OF THRONES

BOOK ONE OF A SONG OF ICE AND FIRE

Based on the novel by
GEORGE R.R. MARTIN

Adapted by
DANIEL ABRAHAM

Art by
TOMMY PATTERSON

Letters by
MARSHALL DILLON

Colors by
IVAN NUNES

Cover by
MIKE S. MILLER

Series Editors:
ANNE GROELL
TRICIA PASTERNAK

Iron Throne image by TOM HALLMAN

DYNAMITE ENTERTAINMENT

NICK BARRUCCI • PRESIDENT
JUAN COLLADO • CHIEF OPERATING OFFICER
JOSEPH RYBANDT • EDITOR
JOSH JOHNSON • CREATIVE DIRECTOR
RICH YOUNG • DIRECTOR BUSINESS DEVELOPMENT
JASON ULLMEYER • SENIOR DESIGNER
JOSH GREEN • TRAFFIC COORDINATOR
CHRIS CANIANO • PRODUCTION ASSISTANT

FOR MORE ON *A GAME OF THRONES*, VISIT:
WWW.DYNAMITE.NET AND BANTAM-DELL.ATRANDOM.COM

GEORGE R.R. MARTIN'S A GAME OF THRONES, Volume 1, Issue #4. First printing. Published by Dynamite Entertainment, 155 Ninth Avenue, Suite B, Runnemede, NJ 08078. Copyright © 2011 by George R.R. Martin. Adapted from his novel A GAME OF THRONES, copyright © 1996. Dynamite, Dynamite Entertainment and the Dynamite Entertainment colophon are ® and © 2011 DFI. All rights reserved. Dynamite, Dynamite Entertainment & The Dynamite Entertainment logo ® 2011 DFI. All names, characters, events, and locales in this publication are entirely fictional. Any resemblance to actual persons (living or dead), events or places, without satiric intent, is coincidental. No portion of this book may be reproduced by any means (digital or print) without the written permission of Dynamite Entertainment except for review purposes. **Printed in Canada**

For information regarding press, media rights, foreign rights, licensing, promotions, and advertising e-mail: marketing@dynamite.net


লেডি স্টার্ক একটানা প্রায় পনেরো দিন ব্র্যানের মাথার পাশেই বসে ছিল। একবারের জন্যেও সে ঘর ছেড়ে বাইরে যায়নি। তাই জনও এই ঘরের ধারেকাছে আসেনি।
কিন্তু জনের হাতে আর সময় নেই।


তুমি এখানে কি চাও?
আমি ব্র্যানকে বিদায় জানাতে এসেছি।
বিদায় জানানো হয়েছে। এখন যাও
প্লিজ, ও আমার ভাই।
আমরা তোমাকে এখানে চাইনা। আমি কি রক্ষীদের ডাকবো?
ডাকুন, কিন্তু আমাকে ওর সাথে দেখা করা থেকে ফেরাতে পারবেন না।
ব্র্যান, আরও আগে দেখা করতে না আসার জন্য দুঃখিত।
আমি ভয় পাচ্ছিলাম।




আমি উত্তরের দেয়ালে যাচ্ছি। বেঞ্জেন চাচা অপেক্ষা করছেন আমার জন্য। আমরা আজই রওয়ানা দিচ্ছি। তুষারপাত শুরু হবার আগেই।
মারা যেওনা। আমরা সবাই তোমার জেগে ওঠার অপেক্ষায় আছি। আমি, রব, তোমার বোনেরা...
ও আমার সবচেয়ে আদরের সন্তান। আমি চাইছিলাম, ও যেন আমার সঙ্গে এখানে থাকে
আমি উপাসনালয়ে গিয়ে সাতবার দেবতার সাত মুখের কাছে প্রার্থনা করেছি যেন নেড ওকে আমার কাছে রেখে যায়।
এটা সম্ভবত আমার ওই প্রার্থনারই ফল।
এতে আপনার কোন দোষ ছিল না।
জন?
ওর জায়গায় তুমি হলে ভালো হতো।


জন,
বেঞ্জেন চাচা তোমাকে খুঁজছেন। উনি আরও এক ঘণ্টা আগেই রওয়ানা দিতে চাইছিলেন।
ওকে দেখে এলে?
হ্যাঁ
আর, আমার মা?...
তিনি খুবই ভালো আচরণ করেছেন।
তাহলে ভালো।
তা, পরেরবার দেখা হলে তোমাকে কালো উর্দিতে পাচ্ছি তাহলে।
বিদায়, স্নো।
তোমাকেও স্টার্ক, ব্র্যানের খেয়াল রেখো।
রাখবো।


আরইয়া?
আমি ভেবেছিলাম তুমি চলে গেছো। ওরা আমাকে বাইরে বের হতে দিচ্ছিল না।
এখন কি করছিলে তুমি?
কিছুনা! আমি সবকিছু গোছগাছ করে তৈরি ছিলাম, কিন্তু যাজিকা মর্ডেইন বললেন আমাকে আবার নতুন করে সব গোছাতে হবে।
তিনি বললেন, একজন আদর্শ দখিনা নারী কখনোই বাক্সের মধ্যে তাঁর পোশাক ন্যাকড়ার মতো দলামোচা করে রাখেনা।
কেন? তুমি কি ওভাবেই রেখেছিলে নাকি?
এগুলো তো এমনিতেই একসময় দলামোচা পাকিয়ে যাবে। এখন ভাঁজ করে কি হবে?
আসলে আমি তোমার জন্য একটা জিনিস এনেছি। ওটা খুব সাবধানে বাক্সে ভরতে হবে তোমাকে।
নাইমেরিয়া, এখানে এসে পাহারা দাও।


তলোয়ার?
এত চিকন!
তুমিও। এটা কোন মানুষের মাথা ধর থেকে আলাদা করতে পারবে না, কিন্তু তুমি যদি দ্রুত হও তবে তাঁর শরীরে অসংখ্য ছিদ্র করে দিতে পারবে।
সেটা আমি পারবো।
এটা নিয়ে রোজ তোমার অনুশীলন করতে হবে।
অনুশীলনের প্রথম ধাপ হচ্ছে, সরু প্রান্ত ঢুকিয়ে দিতে হবে।
যাজিকা মর্ডেইন এটা নিয়ে যাবে।
না, যদি তুমি এর কথা তাঁকে না জানাও।
কিংস্ ল্যান্ডিং উইন্টারফেলের চেয়ে হাজারগুণ বড় একটি প্রকৃত শহর। ওখানে তুমি অনুশীলনের জন্য কাউকে না কাউকে পেয়েই যাবে। ততদিন উঠোনে ওদের লড়াই দেখতে থাকো। রোজ দৌড়ে নিজেকে শক্তিশালী করে তোল।
কিন্তু যাই করো না কেন...
সান্‌সাকে বলো না।


আর বলতে ভুলেই গিয়েছি। সব সেরা তলোয়ারের একটা করে নাম থাকে।
বাবার 'আইস' এর মতো আমার তলোয়ারের নাম রাখা যাবে?
অবশ্যই। তোমার প্রিয় জিনিসের নামেই নামটা রাখো। সেটা কি বলতো?
নিডল (সূচ)।
আমার এখন যাওয়া উচিৎ। বেন চাচাকে আরও অপেক্ষা করালে দেয়ালের প্রথম বছর হয়তো আমাকে শৌচাগার পরিষ্কার করতে করতেই কাটাতে হবে।
তুমি আমাদের সঙ্গে এলে ভালো হতো।
কে জানে?
ভিন্নভিন্ন পথ অনেকসময় আমাদের একই লক্ষ্যে নিয়ে যায়।



ভোরের আলো ফোটার আগেই এডার্ড স্টার্কের ডাক পড়লো।
রবার্টকে অনুসরণ করে রাজপথ পেছনে ফেলে সবাই এগিয়ে চলছিল। রাজা যখন চলা থামালেন, তখন তাঁরা পুরো দলের চেয়ে মাইলখানেক দক্ষিণে এগিয়ে ছিলেন।
আহ! ঘোড়ায় যাত্রা করতে দারুণ লাগছে। আমার ইচ্ছে হচ্ছে ওদের ফেলে একাই এগিয়ে চলি।
তোমার কি মত, নেড? শুধু তুমি আর আমি। দুই ভবঘুরে নাইট তলোয়ার নিয়ে রাজপথ ধরে এগিয়ে চলছে অজানার পথে।
হয়তো রাতে আমাদের বিছানা গরম রাখার জন্য থাকবে কোন এক কৃষকের মেয়ে।
তা সম্ভব হলে করা যেত, প্রভু। কিন্তু এখন আমাদের অনেক দায়িত্ব রয়েছে। আমরা আর সেই আগের দুরন্ত যুবক নই।
তুমি কখনোই আমার মতো ছিলে না।
কিন্তু একবার হয়তো আর সামলে রাখতে পারোনি নিজেকে। ওই মেয়েটা, মানে তোমার জারজের মা'র নামটা কি যেন?
ওর নাম ছিল ওয়াইলা। আর আমি ওকে নিয়ে কথা বলতে চাইনা।


আচ্ছা, আমি তোমাকে জোর করবো না। আমরা কোন গোরস্তানে চলে এলাম নাকি?
এই উত্তরের প্রতিটি জায়গায় প্রথম মানুষদের পদচিহ্ন পড়েছে, প্রভু। এ অঞ্চলটা বেশ পুরনো, তাই এমন লাগছে।
আচ্ছা, আমি তোমাকে তোমার জারজ বা গোরস্তান নিয়ে কথা বলতে এত দূরে নিয়ে আসিনি।
রাতে লর্ড ভ্যারিসের থেকে একজন বার্তাবাহক এসেছিল।
এই তথ্যের উৎস কি?
স্যার জোরাহ্ মরমন্ট এর কথা মনে আছে?
"তাঁর কথা ভুলি কি করে? উনি এক টাইরোশি দাসব্যবসায়ি'র কাছে অপরাধীদের বিক্রি করে নিজের আখের গোছাচ্ছিলেন। তাঁর এই অপরাধ উত্তরের জন্য লজ্জাজনক ছিল।"
সে এখন পেন্টোস এ আছে রাজকুমার আশায়। ভ্যারিস এই ব্যাপারটার সদ্ব্যবহার করেছে। তা, এই প্রতিবেদন নিয়ে তোমার কি মত?


ড্যানেরিস টারগ্যারিয়ান এক ডথরাকি ঘোড়ার পালের সর্দারকে বিয়ে করেছে। এতে কি হয়েছে?
তাঁকে কি বিয়ের উপহার পাঠাতে চান?
একটা ভালো ধারালো ছুরি পাঠালে মন্দ হয়না। সাথে ওটা তাঁর বুকে বিঁধিয়ে দেয়ার মতো একজন।
প্রভু, সে একটা শিশুর চেয়ে বেশি কিছু নয়।
নিরীহ কাউকে খুন করাটা নীচ ও জঘন্য কাজ হবে।
জঘন্য? এইরিস তোমার ভাই ব্র্যান্ডনের সাথে যা করেছে, সেটা জঘন্য ছিল। আর রেইগার। কতবার সে তোমার বোনকে ধর্ষণ করেছে বলে তোমার ধারণা?
আমি হাতের নাগালে পাওয়া প্রতিজন টারগ্যারিয়ানকে খুন করবো। যতদিন তাঁরা তাঁদের ড্রাগনদের মতো বিলুপ্ত না হয়ে যায়।
সুযোগ থাকতেই আমার উচিৎ ছিল ওদেরকে খুন করে ফেলা। কিন্তু, জন তোমার মতোই বাজে একজন সহকারী ছিল।
আর আমি হচ্ছি বড় বোকা, যে ওর কথা শুনেছিলাম।
জন অ্যারিন একজন বিচক্ষণ ও যোগ্য রাজ সহযোগী ছিলেন।
এই খাল দ্রোগো'র দলে এক লক্ষ মানুষ রয়েছে। তাছাড়া টারগ্যারিয়ানদের হয়ে কয়টি পরিবার লড়েছিল ভুলে গেলে?
ওই "ভিখারি রাজা" ভিসেরিস যদি একদল ডথরাকি নিয়ে সাগর পাড়ি দেয়, তাহলে সেই বিশ্বাসঘাতকেরা ওর দলে যোগ দেবে।



সে সাগর পাড়ি দিতে পারবে না, আর যদি দেয়ও, তাহলে ওকে সাগরেই ছুড়ে ফেলবো। পূর্বের তত্ত্বাবধায়ক হিসেবে কাউকে বাছাই করলে...
যদিনা আপনি ইতোমধ্যেই কাউকে বাছাই করে থাকেন।
যদি করে থাকি, তবে?
সেটা স্যার জেইমি ল্যানিস্টার নাকি?
হ্যাঁ।
রাজা হত্যাকারী। তাঁর বাবা পশ্চিমের তত্ত্বাবধায়ক। সময় হলে স্যার জেইমিও সেই দায়িত্ব পাবেন
একই সঙ্গে পূর্ব ও পশ্চিম কারো দায়িত্বে দেয়া ঠিক হবেনা।
সে আমার স্ত্রীর যমজ ভাই, রাজরক্ষীদের একজন সদস্য, আর তাঁর জীবন, সম্পদ ও সম্মান সব আমার কাছে বাধ্য।
এইরিস টারগারিয়ানের কাছেও সে বাধ্য ছিল।
এইরিসকে খুন করার দায়িত্ব কাউকে না কাউকে নিতেই হতো। কাজটা ও না করলে সেটা হতাম আমি বা তুমি।
আমরা রাজরক্ষীর শপথধারী কেউ ছিলাম না।


"আমি রাজসভায় পৌঁছে দেখি এইরিস তখন নিজের রক্তে ডুবে আছে, আর স্যার জেইমি বসে আছেন লৌহ সিংহাসনে।"
"সে আমাকে বলল, ভয়ের কিছু নেই স্টার্ক, আমি আমাদের বন্ধু রবার্টের জন্য সিংহাসনটা গরম করছিলাম মাত্র। তাছাড়া বসার জন্য এটা তেমন আরামদায়কও নয়"
তুমি বলতে চাও ল্যানিস্টার আমার সিংহাসনে কয়েক মুহূর্তের জন্যে বসেছিল বলে ওকে আমার অবিশ্বাস করা উচিৎ?
এর কোন অধিকার ছিল না ওর।
সম্ভবত ও ক্লান্ত ছিল। রাজাদের খুন করা কম ধকলের কাজ না।
আর ও ঠিকই বলেছিল। ওই অলক্ষুণে সিংহাসন মোটেই আরামদায়ক না।
চলো এবার, ঘোড়া ছুটিয়ে চুলে একটু বাতাস লাগানো যাক।


তাঁরা রাজার সঙ্গে একই দিনে উইন্টারফেল ছেড়েছে। রাজার লোকজন, মালবাহী গাড়ি ও নাইটের দল দক্ষিণ দিকে চলে গেল। টিরিয়ন গেল বেঞ্জেন স্টার্ক আর তাঁর ভাইপো'র সঙ্গে উত্তরের পথে।
উত্তরের পথ আর শেষ হয়না।
উল্ফস্উডের যত গভীরে যেতে লাগলো ওরা, বাড়িঘর ও খামারের সংখ্যা ততই কমতে লাগলো। এক পর্যায়ে ওরা মাথা গোঁজার আর কোন ঠাই দেখতে পেল না। তখন এই কাজে তাঁরা নিজেদের সঙ্গে আন তাবু ব্যবহার করলো।
আপনি এত পড়েন কেন?
কেন পড়ি?... আমার দিকে তাকাও, কি দেখতে পাচ্ছো?
আমি আপনাকেই দেখতে পাচ্ছি, টিরিয়ন ল্যানিস্টার।
তুমি একজন বামনকে দেখতে পাচ্ছ। আমার পা গুলো ছোটছোট। আমার হাতগুলো শক্তিশালী, কিন্তু এরাও ছোট। কিন্তু আমার জন্ম ক্যাস্টারলি রকের ল্যানিস্টার পরিবারে, আর তাই আমার পরিবার আমার থেকে কিছু আশা করে।


আমার ভাইয়ের আছে তাঁর তলোয়ার, রাজা রবার্টের আছে তাঁর যুদ্ধের হাতুড়ি আর আমার আছে বুদ্ধি। আর এই বুদ্ধি শাণ দেয়ার পাথর হচ্ছে এই বই।
এজন্যেই আমি এত পড়ি, জন স্নো।
কি বিষয়ে পড়ছেন আপনি?
ড্রাগন।
আমি যখন তোমার বয়সী ছিলাম, তখন নিজের একটি ড্রাগন থাকার স্বপ্ন দেখতাম।
তাই নাকি?
হ্যাঁ, আমার মতো একজন কুৎসিত বামনও ড্রাগনের পিঠে চড়ে পুরো পৃথিবীকে দেখতে নিচে তাকাতে পারতো।
যখন আমি কোন আগুন জ্বালাতাম, আমি প্রায়ই ঘণ্টার পর ঘণ্টা ওর দিকে তাকিয়ে থাকতাম। ভাবতাম ওটা ড্রাগনের আগুন।
মাঝেমাঝে মনে হতো ওখানে জ্বলছে আমার বাবা, আর মাঝেমাঝে আমার বোন।
আমার দিকে ওভাবে তাকিও না। তুমিও একই স্বপ্ন দেখতে।
না... কখনোই না।


কখনোই না? তাহলে ধরে নিচ্ছি লেডি স্টার্ক তোমাকে তাঁর নিজের সন্তানের মতোই মনে করে। আর রব তোমার প্রতি খুবই দয়ালু।
হবেনা ই বা কেন? ও পাবে উইন্টারফেল, আর তুমি ওই দেয়াল।
রাতের প্রহরী হওয়া একটা সম্মানের ব্যাপার।
এই কথা বিশ্বাস করার মতো এতটা বোকা তুমি নও। রাতের প্রহরীরা হচ্ছে রাজ্যের সব অপরাধীদের আঁস্তাকুড়ের মতো।
ইয়োরেন আর ওর লোকদের দিকে তুমি কিভাবে তাকাচ্ছিলে আমি খেয়াল করেছি। চোরাকারবারি, ধর্ষক, চোর আর তোমার মতো জারজেরা ওখানে একত্রিত হয় কল্পলোকের জীবদের হাত থেকে সবাইকে রক্ষা করতে।
আনন্দের ব্যাপার হচ্ছে কল্পলোকের ওই জীবদের কোন অস্তিত্বই নেই, কিন্তু ওখানকার ঠাণ্ডায় তোমার বিচি ঠিকই জমে যাবে।
আর তোমাদের জন্য তো নারীসঙ্গও নিষিদ্ধ।
থামুন এবার!


শোন, স্নো। আমি...
সাহায্য করো।
ভালোভাবে বলুন।
হে সহৃদয় জন, আমি কি তোমার সহযোগিতা পেয়ে বাধিত হতে পারি?


ও আমাকে আক্রমণ করলো কেন?
হয়তো ভেবেছিল আপনি কল্পলোকের কোন জন্তু।
সম্ভবত আমি অনেকটা সেরকমই দেখতে।
আর কথাটা সত্যি, তাইনা?
আপনি রাতের প্রহরীদের সম্পর্কে যা বললেন, সেটা।
যদি ওরা তাই হয়ে থাকে, তবে তাই হোক।
ভালো বলেছ, জারজ। অধিকাংশ মানুষই কঠিন সত্যের মুখোমুখি হওয়ার বদলে একে অস্বীকার করে বসে।
অধিকাংশ মানুষই, কিন্তু আপনি নন।
না, আমি করিনা। আমি এখন ড্রাগনের স্বপ্ন দেখা ছেড়েই দিয়েছি প্রায়।
এখন আর ড্রাগন নেই।


মহামান্য লেডি, লর্ড এডার্ড আটদিন হলো বাড়ি ছেড়েছেন। আপনার এখন হিসেবের খাতাটা দেখা উচিৎ। রাজার আগমনের ফলে আমাদের কেমন খরচ হলো এটা জানা দরকার আপনার।
আমি জানি এই আগমনের মূল্য কত ছিল। বইটা নিয়ে যান আর গোমস্তাকে দেখান গিয়ে।
এখন আমাদের কোন গোমস্তা নেই, লেডি। পুল লর্ডের সাথে দক্ষিণে গিয়েছেন।
গোমস্তার পাশাপাশি জরি'র স্থান পূরণ করতে প্রহরীদের একজন দলনেতাও লাগবে আমাদের। আর ঘোড়াদের দেখাশোনা...
ঘোড়াদের দেখভালকারী?
জ-জ-জী মহামান্য লেডি। হুলেনও দক্ষিণে গিয়েছে। আর...
আপনার কি ধারণা আস্তাবলে কি হলো না হলো এতে আমার কিছু আসে যায়? আমি উইন্টারফেলের সব ঘোড়াকে জবাই করে ফেলতে প্রস্তুত যদি এতে আমার ব্র্যানের জ্ঞান ফেরে।
আপনি আমার কথা বুঝেছেন?




জী, মহামান্য লেডি'
কিন্তু যাদের সাথে সাক্ষাৎ করার কথা...
সেটা আমি করবো।
সাক্ষাৎ পাওয়ার যোগ্য ব্যক্তিদের একটা তালিকা আমি করে ফেলেছি।
আমরা এটা নিয়ে কাল কথা বলবো। আপনি এখন আসুন।
মা, কি করছো তুমি?
তুমি এটা কিভাবে জিজ্ঞেস করতে পারলে? আমি তোমার ভাই ব্র্যান এর দেখাশোনা করছি।
তুমি এটাকে দেখাশোনা করা বলছো?
ও মরবে না মা। পণ্ডিত লুউইন বলেছেন যে, ওর অবস্থা আর আশঙ্কাজনক নয়।
তাছাড়া তোমার অন্য সন্তানরা রয়েছে।
রিকনের তোমাকে দরকার। কি হচ্ছে না হচ্ছে এসব বোঝার জন্য ও খুবই ছোট। ও একটু পরপর আমার পা জড়িয়ে ধরে কাঁদে।




তোমাকে আমারও দরকার। আমি চেষ্টা করছি, কিন্তু একা একা আমি পারবো না...
আমি ওকে এভাবে রেখে যেতে পারবো না। যে কোন মুহূর্তে ও শেষ নিঃশ্বাস ফেলতে পারে। আমাকে ওর পাশে থাকতে হবে। যদি...
আউউউ...
জানালা বন্ধ করে দাও। ব্রানকে উষ্ণ রাখতে হবে।
ওদের ডাক ওকে শুনতে দাও।
“শ্যাগিডগ আর গ্রেউইন্ড। ওদের গলা শুনেই চেনা যায়।”
আউউউ...
ওদের থামাও।
আমার আর সহ্য হচ্ছেনা। থামাও ওদের।
আউউউ...
আউউউ...
লাগলে মেরে ফেলো ওদের, তবু থামাও।


ভয়ের কিছু নেই মা। ওরা কখনোই ওর ক্ষতি করবে না।
প্লিজ, তুমি একটু বিশ্রাম নাও। অনেকদিন ঠিকভাবে ঘুমাও না।
পারবো না আমি। আমার ঘুমের মধ্যে যদি ও চলে যায়? না...
AROOOOOOO
দেবতাদের দোহাই, বন্ধ করো জানালা।
করছি, কিন্তু কথা দাও যে তুমি ঘুমাবে। আর...
দাঁড়াও, কুকুরেরাও ডাকছে। ওরা কখনো...
আগুন।
পাঠাগারের মিনারে আগুন।
মা, তুমি এখানে থাকো। আগুন নেভানো হলে আমি ফিরে আসবো।


এখানে আপনার থাকার কথা না।
কারোরই এখানে থাকার কথা না।
না।
ও তো মরেই গিয়েছে। আমি দয়া দেখাচ্ছি মাত্র।
না, তুমি এটা করতে পারো না।




আপনার এখানে থাকার কথা ছিল না
ররর...


ধন্যবাদ।
রব, পণ্ডিত লুউইন ও স্যার রড্রিক যখন প্রায় উইন্টারফেলের অর্ধেক রক্ষীদের নিয়ে ঘরে প্রবেশ করলো, তখন ওদের এ অবস্থায় দেখতে পেলো
তাঁরা কেইটলিনকে গরম কম্বলে মুড়ে তাঁর ঘরে নিয়ে গেল। বুড়ি সেবিকা তাঁকে গোসল করালো, আর পণ্ডিত মশাই তাঁর ক্ষতস্থান বেঁধে দিলো।
শেষ পর্যন্ত সে চোখের দুই পাতা এক করলো, এবং যখন জেগে উঠলো ততদিনে কেটে গিয়েছে চারদিন।



তাঁর খাওয়ার আগে রব এলো, সাথে এলেন স্যার রড্রিক ক্যাসেল ও থিওন গ্রেজয়।
কে ছিল ও?
কেউ ওকে চেনেনা, মহামান্য লেডি। ও উইন্টারফেলের কেউ নয়।
আস্তাবলের ছোকরাদের চোখ ফাঁকি দেইয়ে এখানে আসা অসম্ভব না। হোডোর হয়তো ওকে দেখেছে। ও নাকি অদ্ভুত আচরণ করছিলো। কিন্তু ও তো নিজেই অদ্ভুত।
আমরা ওর ঘুমের জায়গা পেয়েছি। ওখানে খড়ের গাদায় একটা থলেতে নব্বইটি রূপার মুদ্রা ছিল।
জেনে ভালো লাগলো যে, আমার ছেলের জীবন এত সস্তা না।
ব্র্যানকে কে খুন করতে চাইবে?
উত্তরাঞ্চলের শাসক হতে চাইলে তোমাকে এসব ভাবা শিখতে হবে রব।
কেন একজন একটা ঘুমন্ত বাচ্চাকে খুন করতে চাইবে?
কেউ ভয় পাচ্ছে যে ব্র্যান কিছু একটা জানে যা সে জেগে উঠে ফাঁস করে দেবে।


এই তো।
ব্র্যানকে নিরাপদ রাখতে হবে আমাদের। একজন খুনি যখন এসেছে, আরও আসতে পারে।
একজনকে এই ঘরে দিনরাতের জন্য পাহারায় দিন। একজন থাকবে দরজার বাইরে, আর দুইজন সিঁড়ির মুখে।
মায়ের কিংবা আমার অনুমোদন ছাড়া কেউ ওর ঘরে ঢুকবে না।
জী, মহামান্য লর্ড।
আর ওর নেকড়েটাকে ওর সঙ্গে এই ঘরেই থাকতে দিন।
লেডি স্টার্ক, আপনি কি ওই খুনির ব্যবহার করা ছুরিটি দেখেছেন?
পরিস্থিতির আকস্মিকতায় ওটা ভালোভাবে দেখা হয়নি, কিন্তু ধার সম্পর্কে আমার কোন সন্দেহ নেই। কেন বলুন তো?
"এটা ভ্যালিরিয়ান ইস্পাত। হাতল ড্রাগনের হাড়ের তৈরি। ওর মতো একজনের কাছে এমন ছুরি থাকা অস্বাভাবিক। এটা কেউ ওকে দিয়েছে।"


আমি এখন যা বলবো, শপথ করে বলো এ কথা এই ঘরের বাইরে কেউ জানতে পারবে না।
নেড ও আমার মেয়েরা ভয়ানক বিপদের সম্মুখীন হতে চলেছে। ভুল কানে এ কথা গেলে ওদের জীবন চলে যাবে।
লর্ড এডার্ড আমার দ্বিতীয় বাবার মতো। আমি শপথ করছি।
আমিও শপথ করছি।
রব?
অবশ্যই, মা।
আমার বোন লাইসা'র বিশ্বাস ল্যানিস্টাররা ওর স্বামী, রাজার ব্যক্তিগত সহকারী লর্ড অ্যারিনকে খুন করেছে। আর যেদিন ব্রান পড়ে যায়, সেদিন জেইমি শিকারে যায়নি।
আমার ধারণা ব্রান পড়ে যায়নি, ওকে ধাক্কা দেয়া হয়েছে।
আমাদের প্রমাণ দরকার। আমরা রাণীর ভাইয়ের উপর দোষারোপ করছি। সে জানলে খুশি হবে না অবশ্যই।
ছুরিটাই আমাদের প্রমাণ। এমন দামী জিনিস তো আর সবার নজর এরিয়ে যেতে পারেনা।
কাউকে কিংস্ ল্যান্ডিং যেতে হবে।
আমি যাবো।
তোমার স্থান এখানে। উইন্টারফেলে অন্তত একজন স্টার্কের উপস্থিতি থাকা চাই।
আমি নিজেই যাবো।


ব্র্যানের কি হবে? ওকে একা রেখে যাবে?
আমার পক্ষে যা সম্ভব আমি সবই করেছি ব্র্যানের জন্য।
আর তুমি আমাকে আমার অন্য সন্তানদের প্রতি খেয়াল রাখার কথা মনে করিয়ে দিয়েছিলে।
মহামান্য লেডি, আমাকে আপনার সঙ্গে নিন। রাজপথ একজন একাকী নারীর জন্য বিপদজনক হতে পারে।
আপনাকে সঙ্গে নিতে আমি রাজি স্যার রড্রিক, কিন্তু আমরা রাজপথ ধরে যাবো না।
হোয়াইট নাইফ নদী ধরে সাগরে যাবো, এরপর ওখানে হোয়াইট পোতাশ্রয় থেকে জাহাজে উঠবো।
শক্তিশালী ঘোড়া আর জোরালো বাতাস আমাদেরকে নেড বা ল্যানিস্টারদের আগেই কিংস্ ল্যান্ডিং এ পৌঁছে দেবে।
তখন সে ভাবলো, এরপর যা হবার হবে...
চলবে...